



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল এবং FEMA দুর্যোগ পুনরুদ্ধার কেন্দ্র খোলার ঘোষণা করেছেন

কেন্দ্রগুলি ব্যক্তিগত সহায়তা প্রোগ্রামের জন্য যোগ্য নিউ ইয়র্কবাসী যারা হারিকেন আইডার অবশিষ্টাংশ দ্বারা প্রভাবিত হয়েছেন তাদের সহায়তা করবে

গভর্নর ক্যাথি হোচুল এবং ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সিকে (Federal Emergency Management Agency) আজকে একাধিক দুর্যোগ পুনরুদ্ধার কেন্দ্র (Disaster Recovery Centers, DRC) খোলার ঘোষণা দিয়েছেন যা হারিকেন আইডার অবশিষ্টাংশ দ্বারা সৃষ্ট ঝড় এবং বন্যার দ্বারা প্রভাবিত নিউ ইয়র্কবাসীদের তথ্য এবং সহায়তা প্রদান করবে। FEMA এবং মার্কিন যুক্তরাষ্ট্রের স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (U.S. Small Business Administration) এর পুনরুদ্ধার বিশেষজ্ঞরা হারিকেনের কারণে মহা দুর্যোগ ঘোষণা থেকে উদ্ভূত প্রশ্নের উত্তর দেওয়ার জন্য উপলভ্য থাকবেন এবং বাড়ির মালিক, ভাড়াটিয়া এবং ব্যবসা মালিকদের উপলভ্য ফেডারেল সহায়তা সম্পর্কে তথ্য দিয়ে সাহায্য করবেন।

হারিকেন আইডার মহা দুর্যোগ ঘোষণার অধীনে ব্রংক্স, কুইন্স, কিংস, রিচমন্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টির বরোগুলি ব্যক্তিগত সহায়তার জন্য নির্ধারিত হয়।

"গত সপ্তাহের বিধ্বংসী বন্যা এবং ঝড়ের ক্ষয়ক্ষতিতে যেসব নিউ ইয়র্কবাসীরা প্রভাবিত হয়েছে তারা এখন পুনরুদ্ধার প্রক্রিয়ায় সহায়তা করতে সক্ষম পেশাদারদের কাছ থেকে সরাসরি এক-এক ভিত্তিতে সেবা পেতে পারবে," **গভর্নর হোচুল বলেন।** "যখন আমরা নিউ ইয়র্কবাসীদের তাদের প্রয়োজনীয় সহায়তা পৌঁছে দেওয়া অব্যাহত রেখেছি তখন এই জরুরি ফ্যাসিলিটিগুলি প্রতিষ্ঠা করার জন্য দ্রুত কাজ করায় আমি ফেডারেল সরকারে আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই।"

নিম্নলিখিত দুর্যোগ পুনরুদ্ধার কেন্দ্রগুলি পরবর্তী নোটিশ না আসা পর্যন্ত প্রতি দিন সকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকবে:

মেডগারস এভারস কলেজ - 231 ক্রাউন স্ট্রিট, ব্রুকলিন, NY 11225

কুইন্স কলেজ, স্টুডেন্টইউনিয়ন - 152-45 মেলবোর্ন অ্যাভিনিউ, ফ্লাশিং, NY 11367

হোস্টাস কমিউনিটি কলেজ - 450 গ্র্যান্ড কনকোর্স ই, ভবন সি, ব্রংক্স, NY 10451

গ্রিন্টন আই. উইল লাইব্রেরি - 1500 সেন্ট্রাল পার্ক অ্যাভিনিউ, ইয়ংকোর্স, NY 10710

মামারোনেক ভিলেজ কাউন্ট ক্লার্ক - 169 মাউন্ট প্লেজেন্ট অ্যাভিনিউ, মামারোনেক, NY 10543

কলেজ অফ স্ট্যাটেন আইল্যান্ড, জিমনেশিয়াম বিল্ডিং R1 - 2800 ভিক্টোরি বুলভার্ড, স্ট্যাটেন আইল্যান্ড, NY 10314

ইয়ংকার্স, মামারোনেক এবং স্ট্যাটেন আইল্যান্ডের লোকেশনগুলি তাদের স্থায়ী লোকেশনে যাওয়ার আগ পর্যন্ত গতিশীল লোকেশনে পরিচালিত হবে। অতিরিক্ত DRC সাইট পরবর্তী তারিখে ঘোষিত হবে।

ভুক্তভোগী নিউ ইয়র্ক সিটি বাসিন্দারা 311 এ কল করে অথবা NYC.gov/IDA ভিজিট করে সিটির উপলভ্য সেবা পেতে পারেন।

স্টেট এজেন্সির কর্মীরা ক্ষতিগ্রস্ত নাগরিকদের তাদের পুরুরদ্ধার কাজে সহায়তা করতে পারে এমন সব উপলভ্য স্টেট প্রোগ্রাম বা সেবার সাথে যুক্ত করতে DRC গুলিতে অবস্থান করবেন।

ভুক্তভোগ ব্যক্তি যাদের ইন্টারনেট বা মোবাইল সেবা রয়েছে তারা FEMA অ্যাপ ব্যবহার করে অনলাইনে www.disasterassistance.gov ঠিকানায় অথবা 800-621-3362 নম্বরে কল করার মাধ্যমে FEMA এর সাথে নিবন্ধন করতে পারবেন। বাক প্রতিবন্ধকতা বা শ্রবণ শক্তি হ্রাস পাওয়া ব্যক্তির যারা TTY ব্যবহার করেন তাদের সরাসরি 800-462-7585 নম্বরে কল করা উচিত। যারা 711 বা ভিডিও রিলে সেবা ব্যবহার করেন তারা 800-621-3362 নম্বরে কল করতে পারবেন। এই টোল-ফ্রি টেলিফোন নম্বরগুলি পরবর্তী নোটিশ না আসা পর্যন্ত প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত (স্থানীয় সময়) সপ্তাহে সাত দিন চালু থাকবে। কার্যক্রম একাধিক ভাষায় চলবে এবং যারা ভিডিওফোন, ইনোক্যাপশন (InnoCaption) বা ক্যাপটেল (CapTel) এর মত রিলে সেবা ব্যবহার করেন তাদের ঐসব সেবা কর্তৃক নিয়োজিত নির্দিষ্ট নম্বরটি FEMA কে জানানো উচিত। আপনার যদি ভাষা অথবা প্রতিবন্ধকতার কারণে বিশেষ সুবিধার প্রয়োজন হয়, তাহলে অপারেটরকে জানান।

বর্তমান সংযোগ সমস্যার কারণে, পুনরুদ্ধার কেন্দ্রগুলি ভুক্তভোগীদের সশরীরে সহায়তা পাবার জন্য এবং এক-এক ভিত্তিতে পুনরুদ্ধার বিশেষজ্ঞের সহায়তা পাবার জন্য নিবন্ধনের সুযোগ দেয়।

ফেডারেল অনলাইন উৎস, এবং FEMA এর ডাউনলোডযোগ্য প্যামফ্লেট এবং অন্যান্য সহায়িকা পেতে www.disasterassistance.gov এ ভিজিট করুন এবং "তথ্য (information)" এ ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্ষাইব করুন](#)